দৈনিক বাংলা

তারিখ ... 19 JUL 1991
পৃ... ৭ ... কলাম ... ৫

## চাপ-হামলা-নিরাপত্তার অভাব ঃ সিণ্ডিকেটের উদ্বেগ

# ঢাকা ভার্সিটির প্রক্টর ও দুই প্রভোস্টের পদত্যাগ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি হলের দুজন প্রভোস্ট ও একজন হাউজ টিউটর এবং প্রক্টর ও সহকারী প্রক্টরগণ পদত্যাগ করেছেন।

সলিমুল্লাহ হলের প্রভোস্ট জনাব শফি চৌধুরী, জহরুল হক হলের প্রভোস্ট প্রফেসর মনসুর মুসা একই হলের হাউজ টিউটর জনাব শাহেদ হাসান, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর কামরুল আহসান চৌধুরী এবং সহকারী প্রক্টরগণ সম্প্রতি পৃথক পৃথকভাবে ভাইস চ্যান্সেলরের কাছে পদত্যাগপত্র পেশ করেন।

সলিমুল্লাহ হলের প্রভোস্ট জনাব শফি চৌধুরী গত মঙ্গলবার হলের একদল ছাত্রের দাবীর মুখে ভাইস চ্যান্সেলরের কাছে পদত্যাগপত্র পেশ করেন।

জহরুল হক হলের প্রভোস্ট প্রফেসর মনসুর মুসা এবং হাউজ টিউটর জনাব শাহেদ হাসান নিরাপত্তার অভাবে পদত্যাগ করেছেন বলে জানা গেছে। তবে এ ব্যাপারে বক্তব্য জানার জন্য গতরাতে অনেক চেষ্টা করেও তাদের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর কামরুল আহসান চৌধুরী তার এস-

(৫-এর পৃঃ দ্রঃ)

## দুই প্রভোস্টের পদত্যাগ

(প্রথম পৃষ্ঠার পর)

এসসি পরীক্ষার্থী ছেলের ওপর হামলার প্রতিবাদে পদত্যাগ করেছেন। একই সঙ্গে তার সহকর্মী সহকারী প্রক্টররাও পদত্যাগ করেছেন। গত বুধবার রাতে তারা ভাইস চ্যান্সেলরের কাছে একযোগে পদত্যাগপত্র পেশ করেন।

প্রফেসর কামরুল আহসান চৌধুরীর ছেলে আন জানিয়েছে, গত বুধবার দুপুরে উদয়ন স্কুলের সামনে একদল যুবক তাকে মারধোর করে।

**সিন্ডিকেটের সভা**

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিশ্ববিদ্যালয় প্রক্টরের ছেলেকে প্রহার, সলিমুল্লাহ হলের প্রভোস্টকে ভীতি প্রদর্শন এবং জহরুল হক হলের প্রভোস্টের সঙ্গে অশোভন আচরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

বৃহস্পতিবার সিন্ডিকেটের এক সভায় ক্যাম্পাসের গত দুই দিনের ঘটনাবলী নিয়ে আলোচনা হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা সভায় সভাপতিত্ব করেন। সভায় আইন-শৃংখলা পরিস্থিতিজনিত ঘটনাবলী তদন্ত করার জন্যে একটি কমিটি গঠন এবং কমিটির রিপোর্ট অনুযায়ী দোষীদের শাস্তি প্রদানের ব্যবস্থা নিতে ভিসির প্রতি অনুরোধ জানানো হয়। ভবিষ্যতে দোষী ব্যক্তিদের দ্রুত শাস্তি নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন-কানুনের প্রয়োজনীয় সংশোধনের জন্যেও অনুরোধ করা হয়। খবর বিজ্ঞপ্তির।